

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৭, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
প্রজাপন

তারিখ: ১৪ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০৬.২০১৬-১২৯৫—যেহেতু, জনাব মোঃ নুরে আলম সিদ্দিকী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর এর বি঱ক্তি দায়েরকৃত (১) জি আর নং ২৭/২০১৩, ধারা ২০০২ সালের আইন শৃঙ্খলা বিষ্ণুকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের ৪/৫, (২) জি আর নং ২৯/২০১৩, ধারা ১৪৩/৩৪১/৩২৩/৩২৫/৩৪ দণ্ডবিধি এবং (৩) জি আর নং ২৯/২০১৩(ক), ধারা বিষ্ফোরক উপাদানাবণী আইন ১৯০৮ এর ৩/৫/৬ এর অভিযোগপত্রসমূহ বিজ্ঞ আদালত কর্তৃত গৃহিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ নুরে আলম সিদ্দিকী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর এর বি঱ক্তি দায়ের গত ০৫ ফেব্রুয়ারি ২০১৩ তারিখ ভোর ১১.৩০ ঘটিকায় নবাবগঞ্জ উপজেলার নবাবগঞ্জ মহিলা কলেজ মোড় নামক স্থানে তিনি ও অন্যান্য আসামীগণ জমায়েত হয়ে পথচারীদের মারপিট ও ককটেল বিষ্ফোরণ ঘটিয়ে জনমনে আতঙ্ক সৃষ্টি এবং হাত বোমা ফাটিয়ে কর্তব্যরত আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের আহত করার অভিযোগ রয়েছে। উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ঙ্কর প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বি঱ক্তি আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩খ(১) অনুসারে দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ নুরে আলম সিদ্দিকীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঙ্গন  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(১৬৬৫১)

মূল্য়: টাকা ৪.০০